গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.০০০.৩৩২.১৮.০০০২.২৬.২৫২

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে ০২ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর-এঁর সভাপতিত্বে একটি আলোচনা সভা ০২ জুলাই ২০২৬ তারিখ বৃহস্পতিবার দুপুর ১:৩০ ঘটিকায় নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (চার পাতা)।

২৭/০৭/২৬
(মোছাঃ জিনিয়া জামান)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন : ০২-২২২২১৬৫৪৪
E-mail: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২ সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪ সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫ সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬ সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭ সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৮ সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯ প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), শেরে বাংলা নগর, ঢাকা।
১০ সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১২ প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩ মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।
১৪ অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫ মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. উপদেষ্টার একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
৪. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

সমন্বয় শাখা

www.plandiv.gov.bd

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে ০২ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর মাননীয় উপদেষ্টা জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে ও মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়ের অংশগ্রহণে একটি আলোচনা সভা ০২ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)-এর সিনিয়র সচিব/সচিব/সদস্য ও সংস্থা প্রধানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (**পরিশিষ্ট-ক**)। সভাপতির অনুমতিক্রমে সচিব, পরিকল্পনা বিভাগ স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সচিব, পরিকল্পনা বিভাগ উল্লেখ করেন যে, ২০২৫-২৬ অর্থবছরে ১৩৩৩টি প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পগুলোর মধ্যে নির্বাচনী ইশতেহারের সাথে কতগুলো সঙ্গতিপূর্ণ এবং কতগুলো সঙ্গতিপূর্ণ নয় সে বিষয়টি পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন থেকে যাচাই বাছাইপূর্বক উপস্থাপন করা হবে। এক্ষেত্রে পর্যায়ক্রমে ভৌত অবকাঠামো বিভাগ, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগ উপস্থাপনা প্রদান করবেন।

**২.০ আলোচ্য বিষয়:**

পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর ডিভিশন (ভৌত অবকাঠামো বিভাগ, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগ) কর্তৃক চলমান প্রকল্পসমূহের নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতিপূর্ণ এবং সঙ্গতিপূর্ণ নয় এমন প্রকল্পের তথ্য উপস্থাপন।

**২.১ উপস্থাপনা:**

প্রথমে ভৌত অবকাঠামো বিভাগের সদস্য মহোদয়কে উপস্থাপনার জন্য অনুরোধ করা হয়। সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ ড. নেয়ামত উল্যা ভূঁইয়া বলেন, ১৫টি সেক্টরের মধ্যে ভৌত অবকাঠামো বিভাগের আওতায় ৪টি সেক্টর রয়েছে। সেক্টরগুলো হচ্ছে: সেক্টর-২: প্রতিরক্ষা, সেক্টর-৩: জনশৃঙ্খলা ও সুরক্ষা, সেক্টর-৭: পরিবহন ও যোগাযোগ এবং সেক্টর-১০: গৃহায়ন ও কমিউনিটি সুবিধাবলী। উল্লিখিত ৪টি সেক্টরের আওতায় ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপিতে মোট প্রকল্প সংখ্যা ছিলো ৪৪৯টি। নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতিপূর্ণ প্রকল্পের সংখ্যা ৪৪৭টি এবং সঙ্গতিপূর্ণ নয় এমন প্রকল্প ২টি। উল্লিখিত ৪৪৭টি প্রকল্পের মধ্যে জুন ২০২৬ তারিখে ৯২টি প্রকল্প সমাপ্ত হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে এডিপিতে প্রকল্প সংখ্যা দাঁড়িয়েছে ৩৭২টি। তন্মধ্যে ৩০% কাজ সম্পন্ন হয়েছে এ রকম প্রকল্পের সংখ্যা ১৪২টি, ৩১%-৬০% কাজ সম্পন্ন হয়েছে এমন প্রকল্প ৭৪টি এবং ৬০% অধিক কাজ সম্পন্ন হয়েছে এরকম প্রকল্পের সংখ্যা রয়েছে ২৩২টি।

সদস্য, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ জানান যে, ১৫টি সেক্টরের মধ্যে কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের আওতাভুক্ত সংশ্লিষ্ট ৩টি সেক্টর হলো-সেক্টর-৫: কৃষি, সেক্টর-৮: স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন এবং সেক্টর-৯: পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও পানি সম্পদ। বর্ণিত সেক্টরগুলোর আওতায় ২০২৫-২৬ অর্থবছরে আরএডিপিতে চলমান প্রকল্পের সংখ্যা ছিল [illegible]টি। উল্লিখিত প্রকল্পের মধ্যে নির্বাচনী ইশতেহারের সাথে

সঙ্গতিপূর্ণ ৩৮০টি, সঙ্গতিপূর্ণ নয় ২টি এবং কার্যক্রম অসমাপ্ত রেখে সমাপ্ত করা প্রকল্পের সংখ্যা ৪টি। প্রকল্পসমূহের মধ্যে ০%-৩০% অগ্রগতি সম্পন্ন হয়েছে ১৩৭টি প্রকল্পের, ৩১-৬০% অগ্রগতি সম্পন্ন হয়েছে ৭২টি প্রকল্পের এবং ৬০% ও তদুর্ধ্ব পরিমাণ অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ১৭৩টি।

সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ বলেন যে, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের আওতায় চলমান প্রকল্পের সংখ্যা ৩১৭টি। তন্মধ্যে ১৫টি প্রকল্প অসমাপ্ত রেখে সমাপ্ত করার জন্য সুপারিশ করা হয়। উল্লিখিত প্রকল্পসমূহের মধ্যে ০%-৩০% অগ্রগতি সম্পন্ন হয়েছে ১৩৬টি প্রকল্পের, ৩১%-৬০% অগ্রগতি সম্পন্ন হয়েছে ৫৫টি প্রকল্পের, ৬১%-৮০% অগ্রগতি সম্পন্ন হয়েছে ৬৭টি প্রকল্পের এবং ৮১%-১০০% অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ৫৯টি।

সদস্য, শিল্প ও শক্তি বিভাগ জানান যে, শিল্প ও শক্তি বিভাগের আওতায় ২টি সেক্টর-যথা: সেক্টর-৪: শিল্প ও অর্থনৈতিক সেবা এবং সেক্টর-৬: বিদ্যুৎ ও জ্বালানী। ২০২৬-২৭ অর্থবছরে এ বিভাগের আওতায় মোট প্রকল্পের সংখ্যা ১৩৯টি। তন্মধ্যে ৯৩টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ৩০% এর বেশি এবং ৪৬টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ৩০% এর কম। ৩০% এর নিচে ১৯টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি হতাশাজনক। ২০২৫-২৬ অর্থবছরে আরএডিপিতে ৬টি প্রকল্পকে অসমাপ্ত রেখে সমাপ্তকরণের জন্য সুপারিশ করা হয়।

**৩.১ আলোচনা:**

মাননীয় উপদেষ্টা বলেন এডিপি'র চলমান প্রকল্পসমূহের মধ্যে কোন প্রকল্পগুলো নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতিপূর্ণ এবং সরকারের অগ্রাধিকার অনুযায়ী Repurposing/Rescoping করা হবে এবং কত তারিখের মধ্যে করা হবে তা আগামী ১ সপ্তাহের মধ্যে জানানো আবশ্যক। প্রয়োজনে প্রকল্পের পুন:নামকরণ করে Repurposing এবং Rescoping করা যেতে পারে, যাতে প্রকল্পগুলো বর্তমান সরকারের মেয়াদকালে অবশ্যই সম্পন্ন করা যায়। কতিপয় Signature প্রকল্প বাদে প্রধান প্রকল্পগুলো ২০২৯ সালের মধ্যে শেষ করতে হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে। যে সমস্ত প্রকল্পের অগ্রগতির হার ৩০% এর নিচে তা প্রয়োজন অনুযায়ী Repurposing/Rescoping করে নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্যপূর্ণ (align) করা প্রয়োজন।

মাননীয় উপদেষ্টা আরো বলেন যে, জনগণের ম্যান্ডেট এর আলোকে প্রকল্পগুলো Repurposing, Rescoping এবং Redesign করে সবুজ পাতায় অন্তর্ভুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সে অনুযায়ী যে সমস্ত প্রকল্প ৩০% এর নিচে সেগুলো একীভুত করে প্রকল্পের সংখ্যা হ্রাস করতে হবে। একনেক সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে মাননীয় প্রতিমন্ত্রী ইতোমধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে প্রকল্পগুলো নিয়ে নিয়মিতভাবে সভা করছেন। তিনি আলোচনা করে প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্পগুলো যৌক্তিকীকরণ করে প্রতিবেদন প্রণয়ন করবেন। মন্ত্রণালয়গুলোর সাথে বৈঠকের ক্ষেত্রে প্রথমে সচিব এবং সদস্য পর্যায়ে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে। পরবর্তীতে প্রয়োজন হলে মাননীয় পরিকল্পনা উপদেষ্টা এবং প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী পর্যায়ে আলোচনা করা যেতে পারে। সচিব পর্যায়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তগুলো পরবর্তীতে মাননীয় উপদেষ্টা এবং মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতিতে চূড়ান্ত করা হবে। প্রয়োজনে মাননীয় পরিকল্পনা উপদেষ্টার সাথে সকল মন্ত্রণালয়ের সচিবগণের বৈঠক করা যেতে পারে।

মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় বলেন যে, ইতোমধ্যে কয়েকটি মন্ত্রণালয়ের সাথে সভা করা হয়েছে এবং অবশিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে দ্রুত সভা করা হবে। নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতি রেখে প্রকল্পগুলো গ্রহণ করতে হবে। সে অনুযায়ী মন্ত্রণালয়গুলোর সাথে আলোচনা অব্যাহত রয়েছে। আগামী ২০/০৭/২০২৬ তারিখের মধ্যে সকল মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে পূর্ণাঙ্গ রিপোর্ট তৈরী করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**৩.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.২.১ কোন প্রকল্পগুলো নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতিপূর্ণ এবং সরকারের অগ্রাধিকার অনুযায়ী Repurposing/Rescoping করা হবে তা আগামী ০১ সপ্তাহের মধ্যে জানাতে হবে।

৩.২.২ প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্পের পুন:নামকরণ করে Repurposing এবং Rescoping করতে হবে। প্রকল্পগুলো অবশ্যই বর্তমান সরকারের মেয়াদকালে সম্পন্ন করতে হবে।

৩.২.৩ কতিপয় Signature প্রকল্প বাদে প্রধান প্রকল্পগুলো ২০২৯ সালের মধ্যে সম্পন্ন করতে হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে সেক্টরসমূহ আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৩.২.৪ নির্বাচনী ইশতেহারের আলোকে প্রকল্পগুলো Repurposing, Rescoping এবং Redesign করে এডিপি'র সবুজ পাতায় অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে সমস্ত প্রকল্পের অগ্রগতি ৩০% এর নিচে সেগুলো Merge/Align করে প্রকল্পের সংখ্যা হ্রাস করতে হবে।

৩.২.৫ মন্ত্রণালয়/বিভাগের সাথে বৈঠকের ক্ষেত্রে প্রথমে সচিব/সদস্য পর্যায়ে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে।

৩.২.৬ সচিব পর্যায়ে গৃহীতব্য সিদ্ধান্তগুলো পরবর্তীতে মাননীয় পরিকল্পনা উপদেষ্টা এবং মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে চূড়ান্ত করতে হবে।

**বাস্তবায়নকারী:** ভৌত অবকাঠামো বিভাগ, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ।

**৪.০ আলোচ্য বিষয়:**

ADP/RADP Management System (AMS) সফটওয়্যারের আধুনিকীকরণ।

**৪.১ আলোচনা:**

পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের আওতাধীন ADP/RADP Management System (AMS) সফটওয়্যারকে আরো আধুনিকীকরণ করা প্রয়োজন, যাতে অসঙ্গতিপূর্ণ এবং অপ্রয়োজনীয় প্রকল্পগুলো আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির মাধ্যমে ADP/RADP এর সবুজপাতার অননুমোদিত প্রকল্প তালিকা থেকে সয়ংক্রিয়ভাবে বাদ পড়ে যায়। এ উদ্দেশ্যে কার্যক্রম বিভাগ AMS সফটওয়্যারের একটি Gateway তৈরি করবে যাতে প্রকল্পের অসঙ্গতিগুলো সয়ংক্রিয়ভাবে সিস্টেমে চিহ্নিত হয়। সভায় কার্যক্রম বিভাগ কর্তৃক AMS সফটওয়্যার আধুনিকীকরণের বিষয়ে একটি কৌশলপত্র আগামী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। একইসাথে সভায় পরিকল্পনা বিভাগের আওতাধীন Project Processing, Appraisal & Management System (PPS) সফটওয়্যারের মাধ্যমে সংস্থা পর্যায়ে প্রকল্প প্রণয়ন হতে চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়, যাতে প্রকল্প প্রক্রিয়াকরণে সময়, অর্থ ও ভ্রমণ (TCV) সাশ্রয় করা যায়।

**৪.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.২.১ পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ ADP/RADP Management System (AMS) সফটওয়্যারের আধুনিকীকরণের বিষয়ে একটি কৌশলপত্র প্রণয়ন করবে। এ লক্ষ্যে একটি Gateway তৈরি করতে হবে, যাতে প্রকল্পের অসঙ্গতিগুলো সয়ংক্রিয়ভাবে সিস্টেমে চিহ্নিত হয়।

৪.২.২ পরিকল্পনা বিভাগের আওতাধীন Project Processing, Appraisal & Management System (PPS) সফটওয়্যারের মাধ্যমে সংস্থা পর্যায়ে প্রকল্প প্রণয়ন হতে চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করতে হবে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সচিব, পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করবেন।

**বাস্তবায়নকারী:** পরিকল্পনা বিভাগ।

**৫.০ আলোচ্য বিষয়:**

National electronic-Project Management Information System (e-PMIS) শক্তিশালী/আধুনিকীকরণ।

**৫.১ আলোচনা:**

মাননীয় উপদেষ্টা বলেন যে, প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের ক্ষেত্রে Institutional Reform করা প্রয়োজন। এক্ষেত্রে আইএমইডি'র কাজ হলো প্রকল্প সংক্রান্ত প্রত্যেকটি পদক্ষেপ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ করে বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন করা। এ লক্ষ্যে National electronic-Project Management Information System (e-PMIS) আরো শক্তিশালী/আধুনিকীকরণ করা প্রয়োজন।

**৫.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.২.১ National electronic-Project Management Information System (e-PMIS) আরো শক্তিশালী/আধুনিকীকরণ করতে একটি কৌশলপত্র প্রণয়ন করতে হবে।

**বাস্তবায়নকারী:** বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

**৬.০ আলোচ্য বিষয়:**

ক্রয়কার্যে অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা নিশ্চিতকরার লক্ষ্যে e-GP সিস্টেমকে আধুনিকীকরণ।

**৬.১ আলোচনা:**

ক্রয়কার্যে অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা নিশ্চিতকরার লক্ষ্যে e-GP সিস্টেমকে আধুনিকীকরণ করা প্রয়োজন। এ লক্ষ্যে Bangladesh Public Procurement Authority (BPPA)-কে আগামী সভায় একটি কৌশলপত্র উপস্থাপনের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৬.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.২.১ ক্রয়কার্যে অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা নিশ্চিতকরার লক্ষ্যে e-GP সিস্টেমকে আরও আধুনিকীকরণ করার নিমিত্ত একটি কৌশলপত্র প্রণয়ন করতে হবে।

**বাস্তবায়নকারী:** Bangladesh Public Procurement Authority (BPPA).

৭.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(রাশেদ আল মাহমুদ তিতুমীর)**

উপদেষ্টা

পরিশিষ্ট-ক

আলোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর<br>মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ০২ জুন ২০২৬, বেলা ১:৩০ ঘটিকায় |
| স্থান | : | নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভা কক্ষ |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ড. নেয়ামত উল্যা ভূঁইয়া<br>সদস্য, ভৌত অবকাঠামো | পরিকল্পনা কমিশন | ০১৭১১৩৬৭৭৫৮ | [signature] ২/৭/২৬ |
| ২. | সাইফুল রহমান<br>মেম্বার, SEID | SEID<br>Planning Commission | 01789202967 | [signature] 2/7/2026 |
| ৩. | [illegible] চৌধুরী<br>সচিব IMED | IMED | 01712-762 [illegible] | [signature] .26 |
| ৪. | এ. কে. এনামুল হক | BIDS | 01559831421 | [signature] |
| ৫. | ড. [illegible] চৌধুরী [illegible] | IED,<br>পরিকল্পনা কমিশন | 01740129266 | [signature] 2/7/2 |
| ৬. | মো: ফিরোজ সরকার<br>সচিব | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | 01711197088 | [signature] 02/7/2026 |
| ৭. | | | | |
| ৮. | | | | |
| ৯. | | | | |
| ১০. | আ. হ. মো: হেলাল উদ্দীন<br>প্রধান | SEID | | [signature] |
| ১১. | [illegible] খান<br>যুগ্মসচিব | SID | 01732563039 | [signature] |
| ১২. | মো. [illegible] রহমান<br>যুগ্মপ্রধান | GED | 01715820790 | [signature] |
| ১৩. | মোহাম্মদ ওবায়দুল ইসলাম<br>মহাপরিচালক (অ. দা.) | BBS | 01916215246 | [signature] |
| ১৪. | মো: গোলাম মোছাদ্দেক<br>অতিরিক্ত সচিব | পরিকল্পনা বিভাগ | 01712076165 | [signature] |
| ১৫. | মো. আরিফুল হক মামুন<br>উপপ্রধান (উপসচিব) | GED | 01917401157 | [signature] |
| ১৬. | | | | |

<u>পরিশিষ্ট-ক</u>

**আলোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা:**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর<br>মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় |
| **সভার তারিখ ও সময়** | : | ০২ জুন ২০২৬, বেলা ১:৩০ ঘটিকায় |
| **স্থান** | : | নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভা কক্ষ |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | মো: মাহমুদুল হোসাইন খান | সদস্য, কৃষি, পানিসম্পদ ও | ০১৭১৫-৪০২৫৫৩ | [signature] |
| ৩. | [signature] | | | |
| ৪. | এম এম [illegible] | [illegible] পরিকল্পনা বিভাগ | | [signature] |
| ৫. | ড. [illegible] হোসেন | সদস্য (সাধারণ) GED | | [signature] |
| ৬. | [illegible] | | | [signature] |
| ৭. | মো: [illegible] | AWRRD DIV. | | [signature] |
| ৮. | মো: [illegible] | IDE | | [signature] |
| ৯. | এস. এম. [illegible] | পরিকল্পনা বিভাগ | 01728409860 | [signature] |
| ১০. | [illegible] প্রধান | [illegible] | 01713090926 | [signature] |
| ১১. | ড. [illegible] কুমার দেব রায়, প্রধান | GED | 0171563089৭ | [signature] |
| ১২. | মোছা: [illegible] | AWRRD | | [signature] 02/06/2026 |
| ১৩. | ড. [illegible] | পরিকল্পনা বিভাগ | 018192154৭ | [signature] 02.6.2026 |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৭. | [illegible] | শিল্প ও [illegible] | ০১৭১৪৪৬২৪৫৭ | [illegible] |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |
| ২৮. | | | | |
| ২৯. | | | | |
| ৩০. | | | | |
| ৩১. | | | | |
| ৩২. | | | | |
| ৩৩. | | | | |
| ৩৪. | | | | |